# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

### Bengali Text Bulletin

**Date 17-10-2025** **Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন এসআইআর-এর কাজে নিযুক্ত বুথ লেভেল অফিসার বিএলও-দের নিরাপত্তা নিশ্চিত করবে নির্বাচন কমিশন। কেন্দ্রীয় বাহিনীর সুরক্ষার দাবি একাধিক কর্মী সংগঠনের।

২) চলতি বছরের জুন থেকে সেপ্টেম্বরের মধ্যে রাজ্যের ভোটার তালিকা থেকে শতাধিক বাংলাদেশী নাগরিকের নাম বাদ পড়েছে।

৩) রাজ্যের ভোটার তালিকাকে বাংলাদেশী অনুপ্রবেশকারী, রোহিঙ্গা মুক্ত করার দাবি জানিয়েছে বিজেপি।

বেশ কয়েকজন বিএলও এবং ইআরও-দের বিরুদ্ধে রাজ্যের শাসকদলের সঙ্গে যোগসাজশের অভিযোগ এনেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

৪) কালিপুজো এবং দীপাবলীর সময় রাজ্যে কিউআর কোড লাগানো পরিবেশ বান্ধব বাজি বিক্রি করা হচ্ছে কিনা, সেই ব্যাপারে রাজ্যের কাছে রিপোর্ট তলব করেছে কলকাতা হাইকোর্ট।

৫) রাজ্যে শীতের আমেজ কিছুটা অনুভূত হলেও পশ্চিমী ঝঞ্ঝার কারণে আগামীকাল ও রবিবার উপকূলবর্তী জেলাগুলিতে বৃষ্টির পূর্বাভাস।

---

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন বা SIR এর কাজে নিযুক্ত বুথ লেভেল অফিসার বা BLO-দের নিরাপত্তা নিশ্চিত করবে নির্বাচন কমিশন। বিভিন্ন জায়গা থেকে তাঁদের হেনস্থা ও হুমকির অভিযোগ আসায় এব্যাপারে কমিশনের তরফে আশ্বাস দেওয়া হয়েছে। BLO-দের নিরাপত্তা নিশ্চিত করতে গতকাল কর্মচারীদের সংগঠন সংগ্রামী যৌথ মঞ্চের সদস্যরা রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের সঙ্গে দেখা করেন। সংগঠনের পক্ষে ভাস্কর ঘোষ বলেন, ভুয়ো ভোটারের নাম বাদ দেওয়া নিয়ে চাপ সৃষ্টি করা হচ্ছে। কমিশনের তরফে BLO-দের নিরাপত্তার সমস্ত ব্যবস্থা করা হবে বলে আশ্বস্ত করা হয়েছে।

বাইট

এদিকে ভোটকর্মী ঐক্য মঞ্চ, কর্তব্যরত অবস্থায় বা BLO দের সঙ্গে সামরিক বাহিনীর জওয়ান রাখার দাবি জানিয়েছে। মঞ্চের সাধারণ সম্পাদক স্বপন মন্ডলের নেতৃত্বে এক প্রতিনিধি দল গতকাল রাজ্যের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক দিব্যেন্দু দাস এর সঙ্গে দেখা করেন। পাশাপাশি, SIR-এর ব্যাপারে যাঁরা প্রতিবন্ধকতা তৈরি বা আক্রমণাত্মক মন্তব্য করছে, তাঁদের সঙ্গে সঙ্গে গ্রেপ্তার ও কোনো বৈধ ভোটার যাতে তালিকা থেকে বাদ না যায় তা নিশ্চিত করারও দাবি জানানো হয়।

---

রাজ্যে চলতি বছরের জুন থেকে সেপ্টেম্বরের মধ্যে মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর, ভোটার তালিকা থেকে শতাধিক বাংলাদেশী নাগরিকের নাম বাদ দিয়েছে। ১০

জেলায় মোট ১১২ জন বাংলাদেশী নাগরিককে ‘বিদেশী আঞ্চলিক নিবন্ধন অফিস’-FRRO, প্রাথমিকভাবে শনাক্ত করেছে বলে মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর সূত্রে জানা গেছে। সাড়ে সাতশ’ জনেরও বেশি সন্দেহভাজনকে নিয়ে এখনও তদন্ত চলেছে। যে ১০ জেলায় এই বাংলাদেশীদের সনাক্ত করা হয়েছে, সেগুলি হল-উত্তর ও দক্ষিণ ২৪ পরগণা, নদীয়া, হুগলী, পূর্ব বর্ধমান, পূর্ব মেদিনীপুর, মুর্শিদাবাদ, মালদা, উত্তর দিনাজপুর এবং কোচবিহার।

উল্লেখ্য, কলকাতা, মুম্বাই এবং দিল্লীর বিমানবন্দরে সম্প্রতি ইমিগ্রেশন অর্থাৎ নথিপত্র যাচাই-এর সময় বাংলাদেশী নাগরিকদের ভারতীয় ভোটার কার্ডের ব্যাপারটি প্রকাশ্যে আসে। কিছু বাংলাদেশী নাগরিকের কাছে সেদেশের পাসপোর্টের পাশাপাশি ভারতীয় ভোটার কার্ডও পাওয়া গেছে। পড়ে তাঁদের জিজ্ঞাসাবাদের জন্য আটক করা হয়।

বাংলাদেশী নাগরিকের কাছে এই ভারতীয় ভোটার কার্ড থাকা, নির্বাচন কমিশনের কাছে উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে।

-----------------------

বুথ লেভেল অফিসার পদে প্রত্যক্ষ রাজনীতির সঙ্গে যুক্ত ব্যক্তিদের নিয়োগ করার বিষয়ে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর অভিযোগের প্রেক্ষিতে নির্বাচন কমিশন রিপোর্ট তলব করেছে। বিরোধী দলনেতা গতকাল নিজের এক্স হ্যান্ডেলে খড়্গপুর সদর বিধানসভা কেন্দ্রের আটজন বুথ লেভেল অফিসারের নাম উল্লেখ করে, তাদের বিরুদ্ধে খোলাখুলি তৃণমূল কংগ্রেসের বৈঠকে যোগ দেওয়ার অভিযোগ তোলেন। এ বিষয়ে নির্বাচন কমিশনের দৃষ্টি আকর্ষণ করেছেন তিনি। এ প্রসঙ্গে রাজ্যের অতিরিক্ত

মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী জানান, বিষয়টি ইতিমধ্যেই তাদের নজরে এসেছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসনের কাছে এ ব্যাপারে রিপোর্ট তলব করা হয়েছে।

উল্লেখ্য, পশ্চিম মেদিনীপুরের খড়গপুর সদর বিধানসভা কেন্দ্রে, তৃণমূল কংগ্রেসের নেতা দেবাশীষ চৌধুরী গতকাল ৮ জন বুথ লেভেল আধিকারিক BLO-র সঙ্গে বৈঠক করেন। এই ঘটনায় খড়গপুর শহরে চাঞ্চল্য ছড়ায়।

বিজেপির পশ্চিম মেদিনীপুরের জেলা সহ-সভাপতি শংকর গুছাইত ঐ ৮জন BLO-র বিরুদ্ধে দ্রুত ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন।

------------------------

যে কোনও মূল্যে বাংলাদেশী অনুপ্রবেশকারী, রোহিঙ্গা, মৃত এবং অন্য রাজ্যে স্থায়ীভাবে চলে যাওয়া ভোটারদের নাম এই রাজ্যের ভোটার তালিকায় রাখা যাবে না বলে বিজেপি দাবি করেছে। গতকাল কলকাতায় এক সাংবাদিক সম্মেলনে এ কথা বলেন রাজ্য বিজেপি-র মুখপাত্র দেবজিৎ সরকার। তিনি বলেন, এসআইআর প্রক্রিয়া যত এগোচ্ছে তত তৃণমূল কংগ্রেস এর হুমকি বাড়ছে। এই পরিস্থিতিতে বিএলও-দের ওপরেও চাপ দিচ্ছে রাজ্যের শাসক দল। এসআইআর হলে তৃণমূল কংগ্রেসের ভুয়ো ভোট বন্ধ হয়ে যাবে বলেও মন্তব্য করেন তিনি।

বাইট

এদিকে রাজ্যে SIR নিয়ে সর্বদলীয় বৈঠক ডাকার দাবি জানিয়েছে কংগ্রেস। প্রদেশ কংগ্রেসের রাজ্য সাধারণ সম্পাদক আশুতোষ চ্যাটার্জির এক প্রতিনিধি দল গতকাল ১৬ দফা দাবি সম্বলিত স্মারকলিপি মুখ্য নির্বাচনী আধিকারিক এর কাছে জমা দিয়েছে। উত্তরবঙ্গে ভয়াবহ প্রাকৃতিক বিপর্যয়ে যারা নথি হারিয়েছেন তাঁদের ক্ষেত্রে কমিশন কি ব্যবস্থা নেবে সে সম্পর্কেও দলের পক্ষ থেকে জানতে চাওয়া

হয়েছে। যেসব BLO, ERO দের বিরুদ্ধে পক্ষপাতিত্বের অভিযোগ উঠছে তাদের বিরুদ্ধে কমিশনের তরফ থেকে ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছে কংগ্রেস।

------------------------

উত্তরবঙ্গের মানুষ প্রাকৃতিক দুর্যোগে চরম দুর্দশায় পড়লেও রাজ্য সরকার লোকদেখানো প্রচার নিয়েই ব্যস্ত বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন। তিনি গতকাল জলপাইগুড়ির ধূপগুড়ির বন্যা কবলিত গ্রাম পরিদর্শন করেন। কথা বলেন ক্ষতিগ্রস্ত পরিবারগুলির সঙ্গে। দুর্ঘটনায় মৃতদের পরিবারের হাতে আর্থিক সহায়তা বাবদ ২ লক্ষ টাকার চেক'ও তুলে দেন শুভেন্দু বাবু।

বিরোধী দলনেতা গতকাল আহত সাংসদ খগেন মুর্মুকে দেখতে যান। তাঁর সঙ্গে কথা বলার পাশাপাশি খোঁজ খবর নেন তাঁর স্বাস্থ্য সম্পর্কেও।

এদিকে, উত্তরবঙ্গ সফররত মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী গতকাল দার্জিলিং-এ মহাকাল মন্দিরে পুজো দেন। আজ তাঁর কলকাতায় ফেরার কথা।

------------------------

পয়লা নভেম্বর থেকে শুরু হতে চলা খরিফ ও বোরো মরসুমের জন্যে সরকারি সহায়ক মূল্যে কৃষকদের কাছ থেকে ধান কিনতে রাজ্য অর্থ দপ্তর ১৫ হাজার ৭৩৭ কোটি টাকা বরাদ্দ করেছে। আগামী মরসুমের জন্যে ৬৭ লক্ষ মেট্রিক টন ধান কেনার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে বলে খাদ্য দপ্তর সূত্রে জানা গিয়েছে। চলতি বছর কৃষকদের কাছ থেকে রাজ্য এখনো পর্যন্ত ৫৬ লক্ষ ৩৩ হাজার মেট্রিক টন ধান কিনেছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জানিয়েছেন।

------------------------

কলকাতা হাইকোর্ট, কালী পুজো ও দীপাবলির সময় রাজ্যে QR কোড লাগানো সবুজ বাজি বিক্রি করা হচ্ছে কিনা, রাজ্য সরকার ও রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদকে সে ব্যাপারে রিপোর্ট তলব করেছে। দুই বিচারপতি বিশ্বজিৎ বসু ও অজয় কুমার গুপ্তার বেঞ্চ, পুজোর ছুটি শেষ হওয়ার তিন সপ্তাহ পরে এই রিপোর্ট জমা দিতে বলেছেন। বেআইনি বাজি বন্ধ করার জন্য রাজ্যের মুখ্যসচিব গত ২৯শে অগাস্ট যে ঘোষণা করেছিলেন, তা সঠিকভাবে পালন করা হল কিনা জানতেই, আদালতের এই নির্দেশ।
উল্লেখ, 'সবুজ মঞ্চ' নামে একটি সংগঠন রাজ্যে সবুজ বাজির নামে বেআইনি বাজি বিক্রি হচ্ছে- এই অভিযোগে জনস্বার্থ মামলা দায়ের করে।

------------------------

আসন্ন কালীপুজো, ছট পুজো , জগদ্ধাত্রী পূজো সুষ্ঠু ভাবে সম্পন্ন করতে রাজ্য অগ্নি নির্বাপন ও জরুরি পরিষেবা দপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করছে বলে দমকল মন্ত্রী সুজিত বসু জানিয়েছেন। গতকাল তিনি নিউটাউন দমকল কেন্দ্রে, দপ্তরের আধিকারিকদের সঙ্গে এক প্রস্তুতি বৈঠক করেন। সাংবাদিকদের কাছে তিনি বলেন, কালীপুজোয় ৫১ টি অস্থায়ী দমকল কেন্দ্র তৈরি করা হচ্ছে। কলকাতা, বারাসাত, নৈহাটি, রাজারহাট এলাকায় অস্থায়ী দমকল কেন্দ্র থাকবে। পাশাপাশি বাজি বাজার, ও বাজি উৎপাদক কারখানাগুলি পরিদর্শন করবেন দপ্তরের আধিকারিকরা। অগ্নি নিরাপত্তা ও শব্দ বাজি নিয়ে সচেতনতার প্রচার করা হবে। ছট পুজোয় নদী ও পুকুরের ঘাট গুলিতে নজরদারির জন্য আধিকারিকদের নির্দেশ দেওয়া হয়েছে বলেও দমকল মন্ত্রী জানান ।

------------------------

দিওয়ালি ও ছট উপলক্ষ্যে যাত্রীদের চাহিদা মেটাতে পূর্ব রেল ৫ টি অসংরক্ষিত স্পেশাল ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। হাওড়া - রক্সৌল, কলকাতা – গোরক্ষপুর, কলকাতা - মধুবনি, আসানসোল - গোরক্ষপুর, এবং বর্ধমান - ফাতওয়ার মধ্যে এই ৫ টি স্পেশাল ট্রেন চালানো হবে।

-----------------------

GST হার কমার ফলে দেশ জুড়ে বিভিন্ন ভাবে উপকৃত হচ্ছেন বহু মানুষ। একটি প্রতিবেদন।

-----------------------

বালি পাচারের তদন্তে এনফোর্সমেন্ট নির্দেশালয় - ইডি গতকাল কলকাতা, মেদিনীপুর ও ঝাড়গ্রামে একাধিক ঠিকানায় হানা দিয়েছে। কলকাতার বেন্টিঙ্ক স্ট্রীটে চাটার্ড অ্যাকাউন্ট্যান্ট একরাজ কুমার আগারওয়ালের বাড়িতে তল্লাশি চলে। তল্লাশি চালানো হয়েছে আসানসোলে মনীশ বাগাড়িয়া নামে এক ব্যবসায়ীর বাড়িতেও। সেখান থেকে প্রচুর নগদ টাকা উদ্ধার করেছে ইডি। গোপিবল্লভপুরে সৌরভ রায় নামে এক ব্যক্তির বাড়িতেও চলে তল্লাশি। অভিযানে প্রচুর নথিও বাজেয়াপ্ত হয়েছে।

-----------------------

পশ্চিমি ঝঞ্ঝা এবং বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বৃদ্ধি পাওয়ায় আগামীকাল ও রবিবার রাজ্যের উপকূলবর্তী জেলাগুলিতে বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। গতকালই সারা দেশ থেকে দক্ষিণ পশ্চিম মৌসুমী বায়ু বিদায় নিয়েছে। উত্তুরে হাওয়া প্রবেশ করায় ইতোমধ্যেই রাজ্যের বিভিন্ন স্থানে অনুভূত হচ্ছে শীতের আমেজ। আজ কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিকের চেয়ে এক

দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস কমে ২৩ ডিগ্রির আশেপাশে রয়েছে। সর্বোচ্চ তাপমাত্রাও ৩২ ডিগ্রি আশেপাশে থাকার সম্ভাবনা।

------------------------

ইডেনে রঞ্জি ট্রফি ক্রিকেটে উত্তরাখন্ডের বিরুদ্ধে বাংলা আজ ৬ উইকেট হারিয়ে ২৭৪ রান হাতে নিয়ে দিনের খেলা শুরু করবে। বিপক্ষের চেয়ে ৬১ রানে এগিয়ে রয়েছে বাংলা। সুমন্ত গুপ্ত ৮২ রানে অপরাজিত আছেন। এর আগে সুদীপ চ্যাটার্জি ৯৮ রান করে আউট হন। উত্তরাখন্ড প্রথম ইনিংসে করেছিল ২১৩ রান।

------------------------ ------------------------